

# **া** সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪১৯১

২৮/ কসম (كتاب الأيمان)

পরিচ্ছেদঃ ১৩. মুদাব্বার গোলাম বিক্রি করা বৈধ

باب جَوَازِ بَيْعِ الْمُدَبَّرِ

### আরবী

حَدَّقَنَا أَبُو الرَّبِيعِ، سُلَيْمَانُ بْنُ دَاؤُدَ الْعَتَكِيُّ حَدَّقَنَا حَمَّادُ، \_ يَعْنِي ابْنَ زَيْدٍ \_ عَنْ عَمْرِو بْنِ عَبْدِ اللَّهِ، أَنَّ رَجُلاً، مِنَ الأَنْصَارِ أَعْتَقَ غُلاَمًا لَهُ عَنْ دُبُرٍ لَمْ يَكُنْ لَهُ مَالٌ غَيْرُهُ فَبَلَغَ ذَلِكَ النَّبِيَّ صلى الله عليه وسلم فَقَالَ " مَنْ يَشْتَرِيهِ مِنِّي " . فَاشْتَرَاهُ نُعَيْمُ بْنُ عَبْدِ اللَّهِ بِثَمَانِمِائَةِ دِرْهَمٍ فَدَفَعَهَا إِلَيْهِ . قَالَ عَمْرُو سَمِعْتُ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ يَقُولُ عَبْدِ اللَّهِ بِثَمَانِمِائَةِ دِرْهَمٍ فَدَفَعَهَا إِلَيْهِ . قَالَ عَمْرُو سَمِعْتُ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ يَقُولُ عَبْدًا قِبْطِيًّا مَاتَ عَامَ أُوّلَ .

#### বাংলা

8১৯১। আবূ রাবী সূলায়মান ইবনু দাউদ আতাকী (রহঃ) ... জাবির ইবনু আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত যে, আনসারী একজন লোক তাঁর গোলামকে এই শর্তে আযাদ করল যে, তুমি আমার মৃত্যুর পর স্বাধীন। সে গোলাম ব্যতিত তার আর কোন সম্পদও ছিলনা। এই সংবাদ যখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পর্যন্ত পৌছল। তখন তিনি বললেনঃ কে আছ যে, তাকে আমার নিকট হতে ক্রয় করবে। তখন নু'আয়ম ইবনু আবদুল্লাহ (রাঃ) আটশ দিরহামের বিনিময়ে তাকে ক্রয় করলেন। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঐ অর্থ আনসারীকে দিয়ে দিলেন। আমর (রহঃ) বলেন, আমি জাবির ইবনু আবদুল্লাহকে (রাঃ) কে বলতে শুনেছি যে, সে ছিল একজন কিবতী গোলাম। সে (আবদুল্লাহ ইবনু যুবাহার (রাঃ) এর খিলাফতের) প্রথম বছর মৃত্যুবরণ করেছে।

### **English**

Jabir b. 'Abdullah said that a person among the Ansar declared his slave free after his death, as he had no other property. This news reached the Messenger of Allah (ﷺ) and he said:

Who will buy him from me? And Nu'aim b. al-Nahham bought him for eight hundred dirhams and he handed them over to him, 'Amr (one of the narrators) said: I heard Jabir b. 'Abdullah as saying: He was a Coptic slave,



## and he died in the first year (of the Caliphate of 'Abdullah b. Zubair).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন